



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১

২৬ পৌষ ১৪২৮
তারিখ: -----
১০ জানুয়ারি ২০২২

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন-এর প্রাদুর্ভাব ও দেশে এই রোগের সংক্রমণ পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত, দেশের আর্থ-সামাজিক অবস্থা, অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় আগামী ১৩ জানুয়ারি ২০২২ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলে নিম্নবর্ণিত বিধি-নিষেধ আরোপ করা হলো:

১. দোকান, শপিংমল ও বাজারে ক্রেতা-বিক্রেতা এবং হোটেল-রেষ্টোরাঁসহ সকল জনসমাগমস্থলে বাধ্যতামূলকভাবে সবাইকে মাস্ক পরিধান করতে হবে। অন্যথায় তাকে আইনানুগ শাস্তির সম্মুখীন হতে হবে;
২. অফিস-আদালতসহ ঘরের বাইরে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। স্বাস্থ্যবিধি প্রতিপালনে ব্যত্যয় রোধে সারাদেশে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে;
৩. রেষ্টোরাঁয় বসে খাবার গ্রহণ এবং আবাসিক হোটেলে থাকার জন্য অবশ্যই করোনা টিকা সনদ প্রদর্শন করতে হবে;
৪. ১২ বছরের উর্ধ্বের সকল ছাত্র-ছাত্রীকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখের পরে টিকা সনদ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি দেয়া হবে না;
৫. স্থলবন্দর, সমুদ্রবন্দর ও বিমানবন্দরসমূহে স্ক্রিনিং-এর সংখ্যা বাড়াতে হবে। পোর্টসমূহে ক্রু-দের জাহাজের বাইরে আসার ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রদান করতে হবে। স্থলবন্দরগুলোতেও আগত ট্রাকের সাথে শুধুমাত্র ডাইভার থাকতে পারবে। কোনো সহকারী আসতে পারবে না। বিদেশগামীদের সঙ্গে আসা দর্শনাথীদের বিমানবন্দরে প্রবেশ বন্ধ করতে হবে;
৬. ট্রেন, বাস এবং লঞ্চ সক্ষমতার অর্ধেক সংখ্যক যাত্রী নেয়া যাবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে কার্যকারিতার তারিখসহ সুনির্দিষ্ট নির্দেশনা জারি করবে। সর্বপ্রকার যানের চালক ও সহকারীদের আবশ্যিকভাবে কোভিড-১৯ টিকা সনদধারী হতে হবে।
৭. বিদেশ থেকে আগত যাত্রীসহ সবাইকে বাধ্যতামূলক কোভিড-১৯ টিকা সনদ প্রদর্শন ও Rapid Antigen Test করতে হবে;
৮. স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজের খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ এ বিষয়টি নিশ্চিত করবেন;
৯. সর্বসাধারণের করোনার টিকা এবং বুস্টার ডোজ গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় প্রচার এবং উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করবে;
১০. কোভিড আক্রান্তের হার ক্রমবর্ধমান হওয়ায় উন্মুক্ত স্থানে সর্বপ্রকার সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় অনুষ্ঠান এবং সমাবেশসমূহ পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে; এবং



১১. কোনো এলাকার ক্ষেত্রে বিশেষ কোনো পরিস্থিতির সৃষ্টি হলে সেক্ষেত্রে স্থানীয় প্রশাসন সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা নিতে পারবে।

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/০১/২০২২
(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
- ২। বিভাগীয় কমিশনার (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/ বাংলাদেশ কোস্টগার্ড/ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী / ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
- ৬। জেলা প্রশাসক (সকল)
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক অধিদপ্তর
ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bdpost.gov.bd
প্রশাসন শাখা



নথি নং-১৪.৩১.০০০০.০৩১.১৮.০০২.১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

তারিখ : ০২/০১/২০২২ খ্রিঃ।

- ১। সকল অতিরিক্ত মহাপরিচালক (সকল), ডাক অধিদপ্তর, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা/কেন্দ্রীয় সার্কেল, ঢাকা/পূর্বাঞ্চল, চট্টগ্রাম/দক্ষিণাঞ্চল, খুলনা/উত্তরাঞ্চল, রাজশাহী।
- ৩। জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, ঢাকা/রংপুর।
- ৪। অধ্যক্ষ, পোস্টাল একাডেমি, রাজশাহী।
- ৫। পরিচালক (সকল), ডাক অধিদপ্তর, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৬। প্রস ম্যানেজার, পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর।
- ৭। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটিসেল, ডাক অধিদপ্তর, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস), সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস) এর কার্যালয়, ঢাকা-১০০০।
- ৯। সহকারী পরিচালক, আন্তর্জাতিক ডাক হিসাবরক্ষণ কার্যালয়, ডাক অধিদপ্তর, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ১০। সকল কর্মকর্তা, ডাক অধিদপ্তর, ডাক অধিদপ্তর, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ১২। সকল কর্মচারি, ডাক অধিদপ্তর, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ১৩। নোটিশ বোর্ড, ডাক অধিদপ্তর, ডাক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ১৪। অফিস কপি

(মোঃ মোরশেদ আজম)
প্রশাসনিক কর্মকর্তা
ফোনঃ ৫৮১৬০৭২০